

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 04 April, 2025

চট্টগ্রাম নগরীর বিভিন্ন থানা (সিএমপি) এলাকায় অভিযান চালিয়ে আরও ৩৯ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ বলছে, গ্রেপ্তাররা নগরীর বিভিন্ন থানায় অস্থিতিশীলতা সৃষ্টিকারী, পরিকল্পনাকারী এবং সহযোগী। শুক্রবার (৪ এপ্রিল) বিকেলে নগর পুলিশের পক্ষ হতে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেপ্তাররা হলেন, আবুল মনছুর আলী বাপ্পী (৪০), সারাফাতুল ইসলাম ইমন (২৩), মো. রাকিব (২১), মো. আইয়ুব আলী (৫০), মো. মাসুম হোসেন (৪২), তাজুল ইসলাম (৪৫), মো. মানিক (২৪), মো. বেলাল (২৭), জাকির হোসেন সবুজ (৩৯), মো. জাবেদ হোসেন (২৯), মো. সাহাবুদ্দিন হাসান (৪০), শাহিদুল আলম নাবিদ (১৯), মো. জাবেদ হোসেন (২৯), মো. মাসুদ পারভেজ (২৩), মো. আল আমিন (২৮), এমদাদ হোসেন মুন্না (৩২), মো. নূরু সাবা (২১), মো. পরান (২০), সাকিব (২৫), মো. রুবেল হোসেন (২৩), মো. ফরিদ মিয়া প্রকাশ বারেক (৪০), শামসুদ্দিন আহমেদ (৫৬), বেবী আক্তার (৫০), আসিফ আহমেদ (৩০), মীম আক্তার (২৫), মো. নূরুল আজিম (৩২), মো. ফারুক (৩৫), আনোয়ার হোসেন (২৮), মো. ইয়াসিন (২১), মো. মাহির আশরাফ রোহান (২৪), গোলাম হোসেন (৪৮), বিবি কুলসুম (৩৫), মো. বিল্লাল হোসেন (৪৯), মো. কালাম (৩২), মো. রিমন সিকদার (৩৪), মো. আরিফ হোসেন (২৯), মো. রিয়াদ (২১), মো. রফিকুল ইসলাম হৃদয় (২৮), মো. রমজান আলী (১৭ বছর ৬ মাস ১১ দিন)।

পুলিশ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গত ২ এপ্রিল (বুধবার) দিবাগত রাত ১২টা থেকে ৩ এপ্রিল (বৃহস্পতিবার) রাত ১২টা পর্যন্ত বিভিন্ন থানায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। আসামিদের বিরুদ্ধে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র জনতার ওপর হামলাসহ বিশেষ ক্ষমতা আইনে, সন্ত্রাসী বিরোধী আইনে ও পেনাল কোড আইনে এক বা একাধিক মামলা রয়েছে।

সিএমপি গ্রেপ্তার পুলিশ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 02:15

URL: <https://timestodaybd.com/chittagong/296899264>